

## Chapter 1

# The Sentence

### 1.1: What is Sentence?

যে শব্দ বা শব্দসমষ্টি কোনো একটি প্রসঙ্গতঃ পরিষ্কার ও পরিপূর্ণ অর্থ প্রকাশ করে, তাকে sentence বা বাক্য বলে। (A word or a group of words that expresses a clear meaning in a given context is called a sentence.)

উদাহরণ:

- i) Maria is a student.
- ii) Fish lives in water.
- iii) The cow is a domestic animal.
- iv) We cannot live without water.
- v) Human beings are the best of all creations

তবে একগুচ্ছ word পাশাপাশি বসলেই sentence হবে না। চলো বিষয়টিকে যাচাই করে দেখি

Situation 1:

- Rana : She wants. (সে চায়)  
Priya :What? (কি চায়?)  
Tina : They help. (তারা সাহায্য করো)  
Amin :Whom? (কাকে?)  
Mahin :He looks. (তাকে দেখায়া)  
Moni :How? (কেমন দেখায়?)

Situation 2:

- Ruhi : Some wants she money.  
Nitu : Help they poor the  
Lina : Looks he handsome.

Situation 3:

A child : The cow is flying in the sky. (গরুটি আকাশে উড়ছে)

লক্ষ্য করো, Situation 1-এর শব্দগুচ্ছ দ্বারা complete sense বা পরিপূর্ণ অর্থ প্রকাশ পাচ্ছে না। Rana-d sentence শুনে Priya “সে কী চায়?” তা জানতে চেয়েছে; Tina-এর sentence শুনে Amin “কাকে?” তা জানতে চেয়েছে; Mahin-এর sentence শুনে Moni “তাকে কেমন দেখায়?” তা জানতে চেয়েছে। অর্থাৎ, sentence গুলোর অর্থ অসম্পূর্ণ। তাই এ শব্দগুচ্ছের কোনোটিকেই sentence বলা যায় না।

কিন্তু আমরা যদি বলি -

- She wants some money. (সে কিছু টাকা চায়।)
- They help the poor. (তারা গরীবদের সাহায্য করে।)
- He looks handsome. (তাকে সুদর্শন দেখায়।)

তাহলে প্রতিটি শব্দগুচ্ছ দ্বারা পূর্ণ অর্থ প্রকাশ পায়। এখন এগুলোকে **sentence** বলা যাবে।

আবার, **Situation 2**-এর শব্দগুচ্ছ দিয়ে পরিষ্কার অর্থ প্রকাশ পাচ্ছে না। কিন্তু কেন? পূর্ণাঙ্গ অর্থপূর্ণ বাক্যগুলো তৈরির জন্য সবগুলো শব্দই এখানে রয়েছে, কিন্তু তবুও বাক্যগুলো অর্থবোধক নয়। এর কারণ হলো একটি বাক্য গঠনের জন্য সকল শব্দগুলো উপস্থিত আছে, কিন্তু তাদের অবস্থানগুলো পাল্টে গেছে। অর্থাৎ, এখানে শব্দগুলো সুবিন্যস্ত নয়, আর সেজন্য তারা কোনো অর্থ প্রকাশ করতে পারছে না। তাই এদেরকে **sentence** বলা যাবে না।

এখন, **Situation 3**-এর শব্দগুচ্ছের শব্দগুলো **proper order** এ সাজানো রয়েছে, আবার একটি অর্থও প্রকাশ করছে। কিন্তু তারপরও এটিকে বাক্য বলা যাবে না। কারণ, এখানে শব্দগুলোর প্রাসঙ্গিকতার অভাব রয়েছে। কেননা, গরুর আকাশে ওড়ার যোগ্যতা নেই।

কিন্তু আমরা যদি বলি -

- The bird is flying in the sky. (পাখিটি আকাশে উড়ছে।)

তাহলে শব্দগুচ্ছটি প্রাসঙ্গিকতা অর্জন করে, তখন এটিকে **sentence** বলা যায়।

এবার নিচের উদাহরণটি লক্ষ্য করো:

#### **Situation 4:**

Raju :Is it your pen? (এটি কি তোমারকলম?)

Mina :Yes (হ্যাঁ।)

**Situation 4**-এর ক্ষেত্রে Raju-র করা প্রশ্নের উত্তরে Mina শুধু 'Yes' word টি ব্যবহার করেছে এবং এই একটি word দ্বারাই মনের পূর্ণ ভাব প্রকাশিত হয়েছে। সুতরাং, একটি মাত্র word-ও একটি sentence হিসেবে ব্যবহৃত হতে পারে।

সুতরাং ওপরের আলোচনার প্রেক্ষিতে বলা যায় যে, **sentence** বা বাক্য **a set of words** বা শব্দসমষ্টি দ্বারা গঠিত হতে পারে, আবার একটি word স্বাধীন গঠিত হতে পারে। তবে, **a set of words** বা একগুচ্ছ শব্দকে তখনই **sentence** বা বাক্য বলা যাবে, যখন এর দ্বারা একটি **clear meaning** বা পরিষ্কার ও সম্পূর্ণ অর্থ প্রকাশ পাবে। আর এজন্য শব্দসমষ্টি বা শব্দগুচ্ছের নিম্নোক্ত তিনটি বৈশিষ্ট্য থাকতে হবে -

- শব্দগুচ্ছটি দ্বারা **complete sense** বা পরিপূর্ণ অর্থ প্রকাশ পেতে হবে।
- Word** গুলোকে অবশ্যই সুবিন্যস্ত হতে হবে।
- Word** গুলোকে প্রাসঙ্গিক হতে হবে।

**Note:** বাংলা ব্যাকরণে বাক্যের এ তিনটি বৈশিষ্ট্যকে যথাক্রমে আকাঙ্ক্ষা, আসক্তি এবং যোগ্যতা হিসেবে অভিহিত করা হয়।